ঝিনাইদহে প্রেমিকের মৃত্যু সইতে না পেরে প্রেমিকার আত্মহত্যা

ঝিনাইদহে প্রেমিকের মৃত্যু সইতে না পেরে আত্মহত্যা করে জীবন দিল প্রেমিকা মিনা (১৯)। ঘটনাটি ঘটেছে বৃহস্পতিবার ভোরে সদর উপজেলার কাতলামারী বাজারে। স্থানীয় সূত্রে জানা যায়, গত মঙ্গলবার কাতলামারী বাজারের প্রসাধনী ব্যবসায়ী প্রেমিক সুমন কুমারের মৃত্যুর পর থেকেই রাজনগর গ্রামের মকবুল হোসেনের কলেজ পড়ুয়া মেয়ে মানষিক ভাবে অসুস্থ হয়ে পড়ে এবং মানুষের কাছে সুমন হত্যার প্রকৃত ঘটনা বলতে গেলে তার বাবা মা বাধা দেয় এতে সে আরও বেশি ক্ষুব্ধ হয়ে পড়ে।

তাছাড়া দুইদিন যাবৎ পানাহার বন্ধ করে অসুস্থ হয়ে পড়ে তাতে তার বাবা মা তার উপর আরও চড়াও হয় এবং মেয়েকে মারধর করে ঘরে আটকে রাখে। বৃহস্পতিবার রাতের কোন এক সময়ে প্রেমিকা মিনা আক্তার নিজ ঘরে গলাই ফাঁসদিয়ে আত্মহত্যা করেছে বলে জানা গেছে।

উল্লেখ যে, গত মঙ্গলবার ভোর রাতে কাতলামারী বাজারের পাশের একটি আম বাগান থেকে সুমন কুমার (২৫) নামের যুবকের লাশ উদ্ধার করে হাসপাতালের মর্গে পাঠায়। স্বজনদের অভিযোগ সুমনকে কৌশলে হত্যা করা হয়েছে। কাতলামারী বাজারে হিন্দুধর্মাবলম্বী সুমন কুমার প্রসাধনীর ব্যবসা করতেন। এঅবস্থায় এক মুসলিম মেয়ের সাথে প্রেমের সর্ম্পকে জড়িয়ে পড়ে। এঘটনায় মেয়ের পরিবার ক্ষুব্ধ হয়ে সুমনকে হত্যা করা হতে পারে বলে এলাকবাসী ধারণা করছেন। পাশাপাশি ঘটনাটি সুষ্ঠু তদন্তের দাবি জানিয়েছেন তারা।
এলাকাবাসী আরও জানান মিনা আক্তার ও তার মা সুমাইয়া হিন্দু পরিবারের সন্তান, তার পূর্বের নাম ছিল অন্না বা অনন্যা বিয়ে হয়েছিল চুয়াডাঙ্গা জেলার শুম্ভু নগর গ্রামে জীবন পালের সাথে পরবর্তিতে তাকে ছেড়ে মেয়ে মিনাকে সাথে নিয়ে মকবুল হোসেন কে বিয়ে করে ইসলাম ধর্ম গ্রহন করে। মিনা মূলত জীবন পালের ওরোশজাত সন্তান। মিনার নানি নানা সবাই হিন্দুধর্মাবলম্বী ছিল।

এবিষয়ে কাতলামারী পুলিশ ফাঁড়ির ইনচার্জ এস আই আনিচুর রহমান জানান, মিনা আক্তারের সাথে সুমন কুমারের গভীর প্রেমের সম্পর্ক

ছিল। কিন্তু পারিবারিক ভাবে এই সম্পর্ক মেনে না নেওয়ায় মঙ্গলবার সুমনের আত্মহত্যা করে মৃত্যুর পর বৃহস্পতিবার রাতে মিনা গলাই ফাঁসদিয়ে আত্মহত্যা করেছে বলে ধারণা করা হচ্ছে। লাশটি ময়না তদন্তের জন্য মর্গে পাঠানোর ব্যবস্থা করা হয়েছে।

ঝিনাইদহ সদর থানার অফিসার ইনচার্জ মিজানুর রহমান জানান, ময়নাতদন্ত শেষে হত্যা প্রমানিত হলে প্রকৃত অপরাধিদের আইনের আওতায় আনা হবে।

জীবননগরে ৫৫ বোতল ফেন্সিডিলসহ আটক-২

জীবননগর উপজেলার আন্দুল বাড়ীয়া ইউনিয়নের শাহপুর গ্রামের তাতি পুকুর নামক স্থানে ৫৫বোতল ফেন্সিডিলসহ ২ জনকে আটক করা হয়েছে। বিশেষ সূত্রে জানতে পেরে শাহপুর ক্যাম্প ইনচার্জ এস আই সোলাইমান হোসেন এর নেতৃতে এ এস আই হাবিবুরসহ সঙ্গিন ফোর্স নিয়ে অভিযান চালায়। অভিজান চালিয়ে মাদক ব্যবসায়ী আকন্দবাড়ীয় গ্রামের মৃৃত রেজাউল ইসলামের স্ত্রী মোছাঃ সিউলি খাতুন (৪০) এর নিকট থেকে
(২০) বোতল এবং আকন্দবাড়ীয়া গ্রামের রজব আলির ছেলে মোঃ ফজলুল হক
(৫০) এর নিকট থেকে (৩৫) বোতল মোট(৫৫) বোতল ফেন্সিডিলসহ আটক করা হয়।
এস আই সোলাই মানের হোসেনের নেতৃত্বে এ এস আই হাবিবুর রহমান তাদের কাছে তল্লাশি করে সিউলি খাতুন এর ভ্যনিটি ব্যাগ থেকে ২০ বোতল ফেনসিডিল উদ্ধার করেন এবং ফজলুল হকের পাখি ভ্যান তল্লাশি করে ৩৫ বোতল ফেনসিডিল জব্দ করা হয়।

হরিণাকুণ্ডুতে মহিলা সমাবেশ অনুষ্ঠিত

ঝিনাইদহের হরিণাকুণ্ডতে গ্রামীণ জনগোষ্ঠীর উন্নয়নে প্রচার কার্যক্রম শক্তিশালীকরণ প্রকল্পের আওতায় মহিলা সমাবেশ অনুষ্ঠিত হয়েছে ।
বুধবার দুপুরে উপজেলার নারায়নকান্দী সরকারী প্রাথমিক বিদ্যালয় প্রাঙ্গণে জেলা তথ্য অফিসের আয়োজনে জেলা তথ্য অফিসার আবু বকর সিদ্দিক এর সভাপতিত্বে সমাবেশে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন ঝিনাইদহ জেলা প্রশাসক সরোজ কুমার নাথ ।
সমাবেশে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও পৌর মেয়র সাইদুল করিম মিন্টু, হরিণাকুণ্ডু উপজেলা পরিষদের চেয়ারম্যান জাহাঙ্গীর হোসাইন, উপজেলা নির্বাহী অফিসার সৈয়দা নাফিস সুলতানা, উপজেলা সহকারী কমিশনার (ভূমি) রাজিয়া আক্তার চৌধুরী, থানা অফিসার ইনচার্জ আব্দুর রহিম মোল্লা, তাহেরহুদ ইউপি চেয়ারম্যান মঞ্জুর আলম, উপজেলা শিক্ষা অফিসার এসএম আব্দুর রহমান, মহিলা বিষয়ক কর্মকর্তা মুন্সী ফিরোজা সুলতানা ।
সমাবেশে জেলা প্রশাসক তার বক্তব্যে উপস্থিত মহিলাসহ সকল শ্রেণী পেশার মানুষদের গ্রামীণ জনগোষ্ঠীর জীবন মানউন্নয়ন ও মাদকমুক্ত হরিণাকুণ্ডু গঠনে তাদের ভূমিকা সম্পর্কে অবহিত করেন।

কোটচাঁদপুরে সিগারেটের পরিবর্তে কার্টুনে মিললো ইট!

ঝিনাইদহের কোটচাঁদপুরে প্রতারণার ফাঁদে পড়ে ডারবি সিগারেটের কার্টুন খুলে দোকানির কপালে মিললো ইট। মঙ্গলবার এ ঘটনাটি ঘটেছে উপজেলার সাফদারপুর বাজারে।
জানা যায়, কোটচাঁদপুরের সাফদারপুর বাজারের মুদি দোকানি ওসমান আলী ডারবি সিগারেটের অর্ডার করেন চুয়াডাঙ্গার বিসমিল্লাহ নামের

একটি দোকানে। এ দোকানের মালিক রোকন উদ্দিন। মঙ্গলবার তিনি ওই সিগারেটের কার্টুন ডেলিভারি করেন সাফদারপুর বাজারের ওসমানের মুদি দোকানে। দোকানের কর্মচারি পলিথিনে মোড়ানো কার্টুন খুলতেই দেখতে পায় ভিতরে খালি কার্টুন ও দুইটি ইট । এরপর হতাশ হয়ে খুঁজতে থাকে ওই ডেলিভারিম্যানকে। ডেলিভারিম্যান ঘটনা জানতে পেরেই দ্রুত এলাকা ছাড়েন।
এ ব্যাপারে মুদি দোকানি ওসমান আলী বলেন, বেশ কয়েকদিন আগে কোম্পানির থেকে একটু কম মূল্যে ডারবি সিগারেট পাওয়ার আশায় মোবাইলে রোকনের কাছে অর্ডার করি। মঙ্গলবার ডেলিভারি পাবার পর বেরিয়ে আসে এ দৃশ্য। কার্টুনে পাওয়া যায় দুইটি ইট। এ ছাড়া ছিল খালি কার্টুন। ওই সিগারেটের আনুমানিক বাজার মূল্য ৪০ হাজার টাকা। কথা হয় বিসমিল্লাহ দোকানের মালিক ও ডেলিভারিম্যান রোকনের সঙ্গে তিনি বলেন, আমিও তো পড়েছি বিপদে। কারণ এটা আমি ফেসবুক পেজের একটা একাউন্ট থেকে ক্রয় করি। ওই প্যাকেটে কি আছে আমিও জানিনা। এ ব্যাপারে সাবদারপুর পুলিশ ফাঁড়ীর ইনচার্জ এস আই অজিয়ার রহমানের সঙ্গে কথা হলে তিনি জানান, এ ধরনের ঘটনা আমার জানা নাই। এ ছাড়া কেউ কোন অভিযোগও করেনি।

কোটচাঁদপুরে প্রসূতি মৃত্যুর ঘটনায় তদন্ত কমিটি গঠন

ঝিনাইদহের কোটচাঁদপুরে ক্লিনিকে প্রসূতি মৃত্যুর ঘটনায় তিন সদস্যের তদন্ত কমিটি গঠন করেছে ঝিনাইদহ সিভিল সার্জন অফিস। বিষয়টি নিশ্চিত করেছেন, তদন্ত কমিটির প্রধান ও কোটচাঁদপুর উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ আব্দুর রশিদ। ঠিক তদন্ত করে অতিসত্তর রিপোর্ট দেওয়া হবে জানালেন কমিটির প্রধান। এ দিকে তদন্ত কমিটি গঠনের খবরে স্বস্তি প্রকাশ করেছেন ভুক্তভোগীরা। সম্প্রতি কোটচাঁদপুরে ডাক্তার ফাহিম উদ্দীনের অপারেশন করা রোগীর মধ্যে দুই প্রসূতি নারীর মৃত্যু হয়। ক্ষতিগ্রস্ত হয়েছে আরো তিন রোগীর পরিবার। বিষয়টি নিয়ে কয়েক দিন যাবৎ ধারাবাহিক ভাবে ওই ডাক্তারের বিরুদ্ধে বিভিন্ন পত্রিকা ও অন-লাইনে সংবাদ প্রকাশিত হয়েছে। যা সিভিল সার্জনের দৃষ্টি গোচর

হয়। তিনি বিষয়টি গুরুত্বের সাথে নিয়ে তিন সদস্যের তদন্ত কমিটি গঠন করেছেন।
কমিটির প্রধান ও কোটচাঁদপুর উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ আব্দুর রশিদ জানান, আমাকে প্রধান করে তিন সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি গঠন করেছেন সিভিল সার্জন স্যার। আমরা তদন্ত করে অতিসত্তর তদন্ত রিপোর্ট জমা দিব।
এ ব্যাপারে ঝিনাইদহের সিভিল সার্জন ডাঃ সেলিনা বেগম জানান, বিষয়টি জানার পর তিন সদস্যের কমিটি করে দেওয়া হয়েছে । এ ছাড়া সুযোগ হলে আমিও ক্লিনিক গুলো দেখতে যাব ।

ঝিনাইদহে ৩ দিন ব্যাপী বিজয় সাংস্কৃতিক উৎসবের উদ্বোধন

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী উপলক্ষে ঝিনাইদহে শুরু হয়েছে ৩ দিন ব্যাপী বিজয় সাংস্কৃতিক উৎসব।
অংকুর নাট্য একাডেমী ও ঝিনাইদহ শিশু-কিশোর নাট্য দলের আয়োজনে মঙ্গলবার সন্ধ্যায় জেলা শিল্পকলা একাডেমীতে উৎসবের উদ্বোধন করা হয়।

শুরুতে মঙ্গল প্রদীপ জ্বালিয়ে অনুষ্ঠানের উদ্বোধন করেন জেলা প্রশাসক সরোজ কুমার নাথ। পরে অনুষ্ঠিত আলোচনা সভায় মোসলেম আলীর সভাপতিত্বে অনুষ্ঠানে অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) সেলিম রেজা, বাংলাদেশ গ্রুপ থিয়েটারের সেক্রেটারি জেনারেল কামাল বায়েজিদ, ঝিনাইদহ থানার অফিসার ইনচার্জ (ওসি) মোহাম্মদ মিজানুর রহমান, সিও সংস্থার নির্বাহী পরিচালক শামছুল আলম, অংকুর নাট্য একাডেমীর সাধারণ সম্পাদক নাজিম উদ্দিন জুলিয়াস, খুলনা বিভাগীয় গ্রাম থিয়েটারের সাংগঠনিক সম্পাদক একরামুল হক লিকু, বাংলাদেশ গ্রুপ থিয়েটার ফেডারেশন খুলনা বিভাগীয় সাংগঠনিক সম্পাদক শরিফ খান, দপ্তর সম্পাদক খোরশেদ আলম, নির্বাহী সদস্য স্বপন মাহমুদ, শাহিনুর আলম লিটনসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

আলোচনা সভা শেষে পরিবেশিত হয় নাচ গান ও কবিতা আবৃতি। পরে ১৯

শতকের মহাজনি ব্যবসায় ও একটি পরিবারের আর্থিক দৈন্যতা নিয়ে রচিত রম্য নাটক ‘রসভঙ্গ’ পরিবেশন করা হয়। আগামী ৩ ডিসেম্বর শেষ হবে এ উৎসব।

বঙ্গবন্ধুর ভাস্কর্য নিয়ে কটুক্তির প্রতিবাদে ঝিনাইদহে মানববন্ধন

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ভাস্কর্য নিয়ে কটুক্তির প্রতিবাদে মানববন্ধন কর্মসূচী পালিত হয়েছে। বুধবার সকালে ঝিনাইদহ শহরের পোস্ট অফিস মোড়ে এ কর্মসূচীর আয়োজন করে সম্মিলিত সাংস্কৃতিক জোট। এতে ব্যানার ফেস্টুন নিয়ে সংগঠনটির নেতাকর্মীসহ নানা শ্রেণী পেশার মানুষ অংশ নেয়।

মানববন্ধন কর্মসূচীতে বক্তব্য রাখেন, ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের প্রচার সম্পাদক মঞ্জুর পারভেজ তুষার, সম্মিলিত সাংস্কৃতিক জোটের সভাপতি শান্ত জোয়ার্দ্দার, সাধারন সম্পাদক বাবুল আক্তার লাল্টু, বিহঙ্গের সাধারন সম্পাদক শাহিনুর রহমান লিটন, রনিকেতন সংঙ্গীত একডেমির সভাপতি জাকির হাসান রুমী, স্বাধীনতা সাংস্কৃতিক ঐক্য পরিষদের সাধারন সম্পাদক শিপন আহম্মেদ, জেলা মানবাধিকার নাট্য পরিষদের সভাপতি রুবেল পারভেজ, সাংস্কৃতিক কর্মী উম্মে সালমা ও সাংবাদিক এম এ জলিলসহ অনেকে।

এসময় বক্তারা বলেন, বঙ্গবন্ধুর ভাস্কর্য নির্মাণ নিয়ে নোংরা রাজনীতি করছে ধর্মের অপব্যাখ্যাকারি ফতোয়াবাজরা। এদেরকে আইনের আওতায় আনার দাবি জানান বক্তারা।

ঝিনাইদহে করোনা পরীক্ষার ল্যাব উদ্বোধন

ঝিনাইদহে করোনা পরীক্ষা ল্যাব উদ্বোধন করা হয়েছে। বুধবার সকালে সদর হাসপাতালে এ ল্যাবের উদ্বোধন করেন ঝিনাইদহ-১ আসনের সংসদ সদস্য আব্দুল হাই। এসময় স্বাস্থ্য বিভাগের খুলনা বিভাগীয় পরিচালক ডা: রাশেদা সুলতানা, জেলা প্রশাসক সরোজ কুমার নাথ, জেলা আওয়ামীলীগের সাধারন সম্পাদক ও পৌর মেয়র সাইদুল করিম মিন্টু, সিভিল সার্জন ডাঃ সেলিনা বেগম, অতিরিক্ত পুলিশ সুপার আনোয়ার সাঈদ, সদর হাসপাতালের তত্ববধায়ক ডাঃ হারুন অর রশিদসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

হাসপাতালের তত্বাবধায়ক ডা: হারুন অর-রশিদ জানান, এখন থেকে এই ল্যাবে জীন এক্সপার্ট মেশিনের মাধ্যমে কোভিড-১৯ এর পরীক্ষা করা হবে। একসাথে ৪ জনের করোনার পরীক্ষা করা যাবে। এতে সময় লাগবে মাত্র ৪৫ মিনিট। ল্যাব না থাকায় এতদিন ঝিনাইদহের করোনা রোগিদের পরীক্ষা করা হতো, কুষ্টিয়া, যশোর, খুলনা ও ঢাকা থেকে। দ্রুত করোনা শনাক্তের পর আক্রান্ত রোগিদের চিকিৎসা সেবা দ্রুততার সাথে দেওয়া যাবে বলে জানান স্বাস্থ্য বিভাগের কর্মকর্তারা।

দামুড়হুদায় মাদক সম্রাট আব্দুল সালাম ৩৩৬ বোতল ফেন্সিডিলসহ

আটক

দামুড়হুদায় র্যাবের মাদক বিরোধী অভিযানে ৩৩৬ বোতল ফেন্সিডিলসহ মাদক সম্রাট আব্দুল সালাম আটক।

পাবনা র্যাব-১২ এর মাদক বিরোধী বিশেষ অভিযানে চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার দেউলীমোড়ে নামক স্থানে ৩৩৬ বোতল ফেন্সিডিলসহ মাদক সম্রাট আব্দুল সালাম আটক করা হয়েছে। র্যাব সূত্রে জানা গেছে, গতকাল দুপুর ১ টার দিকে গোপন সংবাদের ভিত্তিতে সিপিসি-২, র্যাব-১২ এর একটি চৌকস আভিযানিক দল ক্যাম্পের এমিসিসি নং ৫৮৬/২০ শরিফুল ইসলাম বিপি- এর নেতৃত্বে পিসি রুপচাঁদ মিয়া ল্যান্স নায়ক, হাফিজুর রহমান কনস্টেবল, বাবুল মোল্লা নায়কসহ সঙ্গীয় ফোর্স।

দামুড়হুদা থানাধীন দেউলীমোড়ে নামক এলাকায় মাদক বিরোধী বিশেষ অভিযান পরিচালনা করেন। পরবর্তীতে দুপুর ২টার দিকে আনছার আলীর চা- মুদীখানা দোকানের সামনে পাকা রাস্তার পাশে নিজের হেফোজতে রাখিয়া ক্রয় নেশাজাতীয় মাদকদ্রব্য বিক্রয় করিতেছিলো গোপন সংবাদের ভিক্তিতে অভিযান পরিচালনা করে মাদক ব্যবসায়ী আব্দুল সালামকে ৩৩৬ বোতল ফেন্সিডিলসহ আটক করা হয়।

আটককৃত মাদক ব্যবসায়ী আব্দুল সামাদ হলেন দামুড়হুদা উপজেলার পাটাচোরা গ্রামের ফতে আলীর ছেলে। র্যাব- ১২ এর বিপি – শরিফুল ইসলাম সাংবাদিক দের কে জানায়,দীর্ঘদিনধরে ফেন্সিডিল পাচার করে আসছিল। পাটাচোরায় তার রয়েছে মাদকের রমরমা বানিজ্য। র্যাব জানায় তাকে ধরার জন্য অনেক চেষ্টা করা হয়। মঙ্গলবার (১৪ জুলায়) তাকে ৩৩৬ ফেন্সিডিলসহ ধরতে আমারা আটক করতে সক্ষম হই। অবৈধ নেশাজাতীয় মাদকদ্রব্য ফেন্সিডিল নিজের হেফোজতে রাখির দায়ে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮ এর ৩৬(১) টেবিলের ১৪(গ) ধারায় অপরাধ মাদক ব্যবসায়ী আব্দুল সালামের বিরুদ্ধে দামুড়হুদা মডেল থানায় মামলা দায়ের করা হয়েছে বলে জানান।

বঙ্গবন্ধুর ভাস্কর্য নিয়ে কটুক্তির প্রতিবাদে ঝিনাইদহে মানববন্ধন

বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানের ভাস্কর্য নিয়ে কটুক্তির প্রতিবাদে ঝিনাইদহে মানববন্ধন কর্মসূচী পালিত হয়েছে।
গতকাল মঙ্গলবার সকালে ঝিনেদা থিয়েটার, ভোর হলোসহ বিভিন্ন সংগঠনের আয়োজন শহরের মুজিব চত্বরে এ মানববন্ধন কর্মসূচী অনুষ্ঠিত হয়। এতে ব্যানার, ফেস্টুন নিয়ে জেলার সাংস্কৃতিক কর্মীসহ নানা শ্রেণী পেশার মানুষ অংশ নেয়।
এ সময় বক্তব্য রাখেন, ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক অশোক ধর, ভোর হলো ঝিনাইদহ এর সভাপতি একরামুল হক লিকু, সম্মিলিত সাংস্কৃতিক জোট এর সাধারণ সম্পাদক রাজু আহম্মেদ মিজান, সাংস্কৃতিক ব্যক্তিত্ব খন্দকার হাফিজ ফারুক, সম্মিলিত সাংস্কৃতিক জোট জেলা শাখার প্রচার সম্পাদক এস এম রবি, অটোমোবাইল ওয়ার্কশপ সমিতির সভাপতি তৌহিদ হাসান, যুবলীগ নেতা জিকু শেখসহ অন্যান্যরা। এদিকে, একই সময়ে একই দাবিতে বঙ্গবন্ধু সৈনিক লীগ শহরের পায়রা চত্বরে মানববন্ধন কর্মসূচীর আয়োজন করে। এ সময় বক্তব্য রাখেন, বঙ্গবন্ধু সৈনিক লীগ জেলা শাখার সভাপতি সৈয়দ আল ইমরান, সহ-সভাপতি আতিয়ার রহমান, সাধারণ সম্পাদক আব্দুল মান্নান রানা, সাংগঠনিক সম্পাদক শফিউর রহমান শফি, জেলা স্বেচ্ছাসেবক লীগের প্রচার ও প্রকাশনা সম্পাদক খান জাহান আলী, এম এ জলিলসহ অন্যান্যরা। বক্তারা বলেন, স্বাধীনতা বিরোধী ও মৌলবাদি চক্র বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানের ভাস্কর্য নির্মাণের বিরোধিতার নামে জনমনে বিভ্রান্তি সৃষ্টি করছে। এসব অপব্যাখ্যাকারীদের দ্রুত আইনের আওতায় এনে শাস্তির দাবি জানান মানববন্ধনে অংশগ্রহণকারীরা।